



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/৬০৭

তারিখঃ ০৯/১০/২০১৮খ্রিঃ


বিষয় : এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ৮৬৭৪/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন যমুনা সেতু দাখিল মাদ্রাসার সুপার মোঃ ইব্রাহিম খলিল কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে গত ২৬.০৬.২০১৮খ্রিঃ তারিখে নং- বামাশিবো/প্রশা/২৩১১৮১২৮৪৩৯১/১০৪৬১/নথি নং- ১৩৬ স্মারকে এডহক কমিটি অনুমোদন দেয়া হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে ড. মোনেম আব্দুল আজিজ জোয়ারদার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৮৬৭৪/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো। এছাড়া ড. মোনেম আব্দুল আজিজ জোয়ারদার কর্তৃক বোর্ডের চেয়ারম্যান ও রেজিস্ট্রারসহ ০৫ জনকে বিবাদী করে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ২৪২০/২০১৮ এর আদেশের কপি বোর্ডে প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় রিট পিটিশন নং- ৮৬৭৪/২০১৮ ও রিট পিটিশন নং- ২৪২০/২০১৮ বোর্ড তথা সরকার পক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসার সুপার ও স্থগিতকৃত এডহক কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮



- প্রাপকঃ ১) সভাপতি- এডহক কমিটি (মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিতকৃত);
২) সুপার, যমুনা সেতু দাখিল মাদ্রাসা, সদর, সিরাজগঞ্জ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/৬০৭(৭)

তারিখঃ ০৯/১০/২০১৮খ্রিঃ

সদয় স্ববগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
৫. ড. মোনেম আব্দুল আজিজ জোয়ারদার, প্রতিষ্ঠাতা সদস্য (রিট পিটিশন নং- ৮৬৭৪/২০১৮ ও ২৪২০/২০১৮ এর বাদী)
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।



মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪

